



দৈনিক জনকণ্ঠ, ২০২১-১০-১৪, পৃ- ০৩

## এডি সায়েন্টিফিক ইনডেক্স দেশসেরা বেসরকারী বিশ্ববিদ্যালয় ইস্ট ওয়েস্ট

বিশ্বের গুরুত্বপূর্ণ র‍্যাংকিং 'এডি সায়েন্টিফিক ইনডেক্স ২০২১' -এ বাংলাদেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথম অবস্থানে রয়েছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। এ তালিকায় সরকারী ও বেসরকারী সম্মিলিতভাবে দেশে প্রথম হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সম্মিলিত তালিকায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ৪র্থ, ২য় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং ৩য় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়।

বিশ্বের ২০৬টি দেশের ১৩ হাজার ৫৩০টি বিশ্ববিদ্যালয়ের তথ্য উপাত্ত নিয়ে 'এডি সায়েন্টিফিক ইনডেক্স' তাদের ওয়েবসাইটে এই র‍্যাঙ্কিং প্রকাশ করেছে। এই তালিকায় বিশ্বে প্রথম হয়েছে যুক্তরাষ্ট্রের হার্ভার্ড বিশ্ববিদ্যালয়। গত ৫ বছরের বিভিন্ন বৈজ্ঞানিক উপাত্ত এবং গুগল সাইটেশানের ওপর ভিত্তি করে, মোট নয়টি প্যারামিটার ব্যবহার করে 'এডি সায়েন্টিফিক ইনডেক্স' প্রকাশ করা হয়। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রায় ৪০ জন শিক্ষক এই 'এডি সায়েন্টিফিক ইনডেক্স' এর সেরা বিজ্ঞানী র‍্যাঙ্কিংয়ে স্থান পেয়েছেন। -বিজ্ঞপ্তি।